গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সরবরাহ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www. mofood.gov.bd

**স্মারক নম্বর:** ১৩.০০.০০০০.০০০.০৪৬.৩৩.০০০১.২৪.৩৪

তারিখ: ৪ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: ওএমএস (উপজেলা) কার্যক্রমে মার্চ ২০২৬ মাসে চাল বিক্রয়ের অনুমোদন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মার্চ ২০২৬ মাসে মোট ১৮ কর্মদিবসে ওএমএস (উপজেলা) কার্যক্রমের আওতায় ৩৯৫টি উপজেলায় ৩৯৫x১.০০x১৮ =৭,১১০ মে. টন চল এবং পার্বত্য চট্টগ্রামের ২৩টি উপজেলায় ২৩x০.৫x১৮ =২০৭ মে. টন চাল সংযুক্ত বিভাজন অনুযায়ী নিম্নোক্ত শর্তে ও৫মএস (উপজেলা) খাতে নির্দেশক্রমে বিক্রয়ের অনুমোদন প্রদান করা হলো:

শর্তসমূহ:

(ক) ১লা মার্চ ২০২৬ হতে ভোক্তাদের মাঝে ভর্তুকি মূল্যে চাল বিক্রয়ের লক্ষ্যে তালিকাভুক্ত ডিলারগণ ২৬ ফেব্রুয়ারি ২০২৬ হতে গুদাম হতে চাল উত্তোলন করতে পারবেন এবং ২৪ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত বরাদ্দকৃত সমুদয় চাল গুদাম হতে উত্তোলন করতে হবে।

(খ) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক সংশ্লিষ্ট ডিলারের মাধ্যমে সপ্তাহে ন্যূনতম ০২ দিন প্রতিটি বিক্রয় কেন্দ্রের আশেপাশের এলাকায় মাইক যোগে ভর্তুকি মূল্যে চাল বিক্রয়ের বিষয়ে জোরালোভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গ) উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ কর্তৃক উপজেলা পর্যায়ে সরকারি দপ্তরসমূহে এবং ইউনিয়ন পরিষদসমূহের নোটিশ বোর্ডে ৩০/- টাকা কেজি দরে চাল বিক্রয়ের দিন ও স্থানের বিষয়ে নোটিশ জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ঘ) নির্ধারিত সময়ের মধ্যে চাল উত্তোলনের সুবিধার্থে সারাদেশের গুদামসমূহে চলাচল সূচি অনুযায়ী চালের মজুত নিশ্চিত করার জন্য পরিচালক (চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ) কে নির্দেশনা প্রদান করা, যাতে গুদামে চালের মজুত স্বল্পতার কারণে চাল উত্তোলনের সময়সীমা বর্ধিত করতে না হয়;

(ঙ) ডিলারের বিক্রয় কার্যক্রম মনিটরিং এর জন্য সংশ্লিষ্ট ওএমএস কমিটিকে নির্দেশনা প্রদান করতে হবে;

(চ) উপজেলা পর্যায়ে নিয়োগকৃত ডিলার না থাকার ক্ষেত্রে, খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার হিসেবে লটারিতে/ বা এককভাবে ডিলার হিসেবে বিবেচিত হয়েছেন কিন্তু এখনো পর্যন্ত খাদ্যশস্য উত্তোলনের জন্য কার্যাদেশ দেয়া হয়নি, এমন ডিলারের মাধ্যমে অগ্রাধিকার ভিত্তিতে উপজেলা পর্যায়ের চাল বিতরন করতে হবে এবং

ছ) পরিচালক (সরবরাহ, বণ্টন ও বিপণন) প্রতি মাসের খাদ্যশস্য উত্তোলনের তথ্য আবশ্যিকভাবে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবেন;

০২। এমতাবস্থায়, এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। মার্চ মাসের চালের বিভাজন।

**সংযুক্তিঃ**

(১) মার্চ মাসের চালের বিভাজন

১৭-০২-২০২৬
জয়নাল মোল্লা
উপসচিব
ফোন : +৮৮০২৯৫১৪৬১৬
ফ্যাক্স : +৮৮০২৯৫১৪৬৭৮
ইমেইল : dssupply1@mofood.gov.bd

মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।

**স্মারক নম্বর:** ১৩.০০.০০০০.০০০.০৪৬.৩৩.০০০১.২৪.৩৪/১ (৮)

তারিখ: ৪ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব , সংগ্রহ ও সরবরাহ অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়।
২। বিভাগীয় কমিশনার (সকল)।
৩। যুগ্মসচিব, সরবরাহ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়।
৪। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।
৫। জেলা প্রশাসক (সকল)।
৬। পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর।
৭। পরিচালক (চলতি দায়িত্ব), চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর এবং
৮। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।

১৭-০২-২০২৬
জয়নাল মোল্লা
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
https://dgfood.gov.bd

তারিখ: ৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গা
১৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি

**স্মারক নম্বর:** ১৩.০১.০০০০.০০০.০৫২.৫৭.০০০৬.১৮.১৪৯

**বিষয়: ওএমএস (উপজেলা) কার্যক্রমে মার্চ ২০২৬ মাসে চাল বিক্রয়ের অনুমোদন।**

উপর্যুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পত্রটি নির্দেশক্রমে পৃষ্ঠাংকন করা হলো।

সংযুক্তিসমূহ:
(১) স্মারক ৩৪।
(২) চালের বিভাজন।

১৮-০২-২০২৬
অনির্বাণ ভদ্র
উপপরিচালক

জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)।

**স্মারক নম্বর:** ১৩.০১.০০০০.০০০.০৫২.৫৭.০০০৬.১৮.১৪৯/১ (৭)

তারিখ: ৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গা
১৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
২। পরিচালক (চলতি দায়িত্ব), চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর।
৩। উপসচিব, সরবরাহ-১ শাখা, খাদ্য মন্ত্রণালয়।
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)।
৫। অতিরিক্ত পরিচালক (চলতি দায়িত্ব), এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর।
৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর এবং
৭। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।

১৮-০২-২০২৬
অনির্বাণ ভদ্র
উপপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
কুমিল্লা।
www.food.comilla.gov.bd

**স্মারক নম্বর:** ১৩.০১.১৯০০.০০০.০০১.৫৭.০০০১.২৬.৩২৯

তারিখ: ৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **ওএমএস (উপজেলা) কার্যক্রমে মার্চ ২০২৬ মাসে চাল বিক্রয়ের অনুমোদন।**

পত্রের বিষয়বস্তু অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**সংযুক্তিসমূহঃ**
(১) 13_00_0000_000_046_33_0001_24_34-2026-02-17-1771318908
(২) মার্চ মাসের চালের বিভাজন
(৩) 13_01_0000_000_052_57_0006_18_149-2026-02-18-1771405849



২২-০২-২০২৬
নিত্যানন্দ কুন্ডু
জেলা খাদ্য নিয়ন্ত্রক
ফোন : ০২৩৩৪৪৩৬৭২৯
ইমেইল : dcf.cml@dgfood.gov.bd

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(সংশ্লিষ্ট), ..................................., কুমিল্লা।

**স্মারক নম্বর:** ১৩.০১.১৯০০.০০০.০০১.৫৭.০০০১.২৬.৩২৯/১ (৮)

তারিখ: ৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। জেলা প্রশাসক, কুমিল্লা।
৫। উপজেলা নির্বাহী অফিসার(সংশ্লিষ্ট), ........................., কুমিল্লা।
৬। সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, ধর্মপুর এলএসডি (১ম শ্রেনী), কুমিল্লা।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সংশ্লিষ্ট), ....................................এলএসডি, কুমিল্লা এবং
৮। অফিস, কপি।



২২-০২-২০২৬
নিত্যানন্দ কুন্ডু
জেলা খাদ্য নিয়ন্ত্রক